দ্বিতীয় পর্ব :— দ্বিতীয় অধিবেশনের প্রথম ভাগে আলোচনার বিষয় ছিল “মাশরুম বিপণন সংক্রান্ত সমস্যা ও তার সমাধান”। এই অধিবেশনের সভাপতি ছিলেন — দিব্যেন্দু কান্তি মজুমদার। অন্যান্য বক্তারা হলেন — জয়দীপ সম্মাদার, অনুপ কুমার সাহা, সুপ্রিয় চক্রবর্তী, বিমান গুহ ঠাকুরতা ও শ্রীমতি আনিস ফতেমা।

সভাপতি দিব্যেন্দু কান্তি মজুমদার :— তার বক্তব্যে

উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গের মাশরুম বিপণনের তুলনামূলক আলোচনা করেন।
উনি বিশেষ করে দক্ষিণবঙ্গের বিপণন সমস্যার বিভিন্ন দিকের উপর
আলোকপাত করেন।

উনি বলেন, সাধারণ মানুষের মধ্যে মাশরুমের খাদ্যাভাস তৈরী
করতে, ডাক্তারদের ভূমিকা অনস্বীকার্য। উনাদের মাশরুমের উপকারীতা
সম্পর্কে তথ্য প্রদান করতে হবে, এবং প্রচারে উনাদের সাহায্য নিতে হবে।
সঙ্গে সঙ্গে বাজারে মাশরুমের যোগান নিশ্চিত করতে হবে। খেয়াল রাখতে
হবে যাতে প্রতিদিন, নিয়মিত, নির্দিষ্ট সময়ে, নির্দিষ্ট বাজারে মাশরুম পৌঁছে
যায়।

বিভিন্ন মেলাতে, মাশরুম নিয়ে অংশ গ্রহণ করলে, সাধারণ মানুষ
অভিযোগ করেন যে তারা পরবর্তীকালে মাশরুম পান না।

এই প্রসঙ্গে বলা যায় যে উৎপাদক বাজারে তাজা মাশরুম যতটা
বিক্রি করতে পারবেন, ততটাই উৎপাদন করবেন, এবং ধীরে ধীরে, বাজার
বৃদ্ধির সাথে সাথে উৎপাদন বৃদ্ধিতে মনোনিবেশ করবেন। কোন ভাবেই
অন্যের প্রলোভনে “শুকনো মাশরুম কিনে নেবো” -তে বিভ্রান্ত হবেন না।
বর্তমান পরিস্থিতিতে শুকনো মাশরুম রপ্তানি সম্ভব নয় কারণ — যে পরিমান
ও মানের মাশরুম রপ্তানিতে প্রয়োজন, তা এখানে উৎপাদন করা যায় না।
এখানে উৎপাদিত মাশরুমে বিভিন্ন ওষুধের অবশিষ্টাংশ থাকবেই, তা সে
খামারে প্রয়োগ করা ওষুধ হোক, অথবা প্রধান মাধ্যম খড় থেকে হোক।
সুতরাং বর্তমান পরিস্থিতিতে রপ্তানি নিয়ে চিন্তা না করে, এলাকার বাজার
দখল করতে পারলে বিপণনে সফলতা আসবে।

আমাদের মতন গ্রীষ্ম প্রধান দেশে, ওষুধ প্রয়োগ ছাড়া সফলভাবে
মাশরুম উৎপাদন করা সম্ভব নয়। এক্ষেত্রে মনে রাখা জরুরী যে ওষুধ প্রয়োগ
করতে হবে সাবধানে, জেনে ও বুঝে। ওষুধ প্রয়োগ না করে মাশরুম উৎপাদন
করতে হলে, তা করতে হবে নিয়ন্ত্রিত পরিবেশে। নিয়ন্ত্রিত পরিবেশে মাশরুম
উৎপাদন করলে, তার মান ও পরিমান বৃদ্ধি পাবে।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল পরিবেশনের মোড়ক। যেন তেন
প্রকারেণ মাশরুম গ্রহিতার কাছে না পাঠিয়ে, একটু সুন্দর মোড়কে পাঠালে,
গ্রহণ করতে রুচি হবে।

বর্তমানে, আমাদের রাজ্যে প্রতিদিন যে বিপুল পরিমাণে তাজা

মাশরুম উৎপন্ন হয়, এবং এর সাথে সংশ্লিষ্ট কয়েক হাজার জন তাদের রোজগারের উপায় পেয়েছে, সে সম্পর্কে সরকারের কাছে সুনির্দিষ্ট কোনও তথ্য নেই, সুতরাং সরকারী মহলে মাশরুমের বিপণন নিয়ে সহায়তা বা বিজ্ঞাপন আশা করা যায় না। বিপণনের উদ্যোগে, বিজ্ঞাপনের ব্যয় বহন করতে হবে যৌথ বা ব্যক্তিগত ভাবে।

মাশরুম শিল্পের তিনটে বিভিন্ন আঙ্গিক আছে, যথা — বীজ বা স্পন উৎপাদন, মাশরুম উৎপাদন এবং মাশরুম বিপণন। প্রতিটি বিভাগে আলাদা করে বিশেষজ্ঞ থাকা প্রয়োজন। প্রত্যেকটি বিভাগের বিশেষজ্ঞ নিজের কাজ ও কর্তব্যের প্রতি আন্তরিক হতে হবে। বীজ উৎপাদক ভাল মানের বীজ তৈরী করে সরবরাহ করবে, তাতে উৎপাদক বেশী উৎপাদন পাবে। উৎপাদন বেশী ও ভাল মানের হলে, মাশরুমের উৎপাদন মূল্য কম হবে, এর ফলে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে সহজেই বেশী পরিমাণে মাশরুম বিক্রি করতে পারবে। মাশরুমের মান নিয়ন্ত্রণ, স্পন বা বীজ উৎপাদন থেকে শুরু করে, মাশরুম উৎপাদন এবং বিপণন, সব স্তরেই গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে।

ভাল মানের মাশরুম প্রতিদিন সকালে গ্রহিতার বাড়ি পৌঁছে দিতে পারলে, যা বাজার তৈরী হবে তাতে হয়ত বা আগামী দিনে মাশরুম সরবরাহ করার লোকেরই অভাব দেখা দেবে।

উনি বলেন, একবার বাজার তৈরী হলে, সেই বাজার ধরে রাখতে হবে। বাজারে মাশরুম পাঠানোর সময়, উৎপাদন বেছে পরিষ্কার করে নিতে হবে। পরিষ্কার করার পরে — যেটুকু তাজা বিক্রি হবে তা বাজারে পাঠাতে হবে। যেটা শুকানোর মতন, তা শুকাতে হবে, এবং যতটুকু থেকে কিছুই হবে না, তা প্রক্রিয়াকরণ করে — আচার, জ্যাম, জেলি ইত্যাদি বানাতে হবে।

উনি বলেন যে কয়েক বছর আগেও ঝিনুক মাশরুম শুধুমাত্র শীতকালে উৎপাদন করা হত এবং সেই সময় উদ্বৃত্ত মাশরুম শুকিয়ে পরে গরমকালে বাজারে পাঠানো হত। বর্তমানে উন্নত মানের কালচার থেকে বীজ তৈরী এবং মাশরুম উৎপাদনের উন্নততর প্রযুক্তির জন্য, সারা বছর ঝিনুক মাশরুম উৎপাদন সম্ভব হয়, এবং বাজারে তাজা মাশরুম পাওয়া যায়, তাই অনেক বাজারে শুকনো মাশরুম বিক্রির সমস্যা দেখা দেয়।

মাশরুম সব সময় খুব ভোরে বাজারে পাঠাতে হবে; যাতে ক্রেতা

অন্য সবজির সাথেই মাশরুম কিনতে পারে। বেলা ১০টার পর মাশরুম বাজারে পাঠিয়ে লাভ নেই, কারণ তখন কেউ সজ্জি কিনতে বাজারে যায় না।

আর একটা গুরুত্বপূর্ণ সংযোজন হল যে অনেকে বোতাম মাশরুম নিয়ে মাতামাতি করেন। আমাদের গ্রীষ্ম প্রধান দেশে, বোতাম মাশরুমের উৎপাদন খরচ অত্যন্ত বেশী, তার বদলে যদি দুধ মাশরুম বা *Calocybe indica* উৎপাদন করা যায়, তাহলে, উৎপাদক অনেক বেশী লাভ উঠাতে পারবে। বর্তমানে রানাঘাটের মহিতোষ বিশ্বাস প্রতিদিন ৩০ তেকে ৪০ কেজি দুধ মাশরুম উৎপাদন করছে।

জয়দীপ সমাদ্দার, United Mushroom :— উনি মনে করেন, মাশরুম শিল্পের প্রধান সমস্যা বিপণন, এবং তার মূল কারণ সাধারণ মানুষের মধ্যে মাশরুমের খাদ্যাভাব তৈরী হয়নি, এমনকি উৎপাদকেরা নিজেরাই মাশরুম খেতে অভ্যস্ত নন। সাধারণ মানুষের মধ্যে, অন্য সজ্জীর মতন তাজা মাশরুমের গ্রহণযোগ্যতা তৈরী করতে হবে। উনার নিজের অভিজ্ঞতা থেকে বলেন যে, উনার গোবরডাঙাতে অবস্থিত খামার থেকে প্রতিদিন ৩০-৩৫ কেজি তাজা মাশরুম বিক্রি হয়, সুতরাং যে কেউ একটু চেষ্টা করলে, প্রচারের মাধ্যমে, সাধারণ মানুষের মধ্যে খাদ্যগুণের ধারণা তৈরী করে মাশরুম বিক্রি করতে পারবেন। মাশরুম বিক্রির জন্য অন্যের মুখাপেক্ষী হওয়া ভুল।

উনার অভিজ্ঞতা, কোলকাতার বাণিজ্যমেলায় সাধারণ মানুষের মধ্যে মাশরুম সম্পর্কে যে উৎসাহ দেখা গেছে, তাতে নিয়মিত সরবরাহ করতে পারলে মাশরুম বিক্রি করা সহজসাধ্য।

উনি অভিযোগ করেন যে উৎপাদকেরা যে মাশরুম শুকান, সেই শুকনো মাশরুমের মান ভাল নয়।

অনুপ কুমার সাহা - High Tech Mushroom :— উনিও পূর্ববর্তী বক্তার মতন বলেন যে মাশরুম শিল্পের উন্নতির প্রধান অস্ত্রায়, এর বিপণন। এক্ষেত্রে উৎপাদককে নিজের বাজার তৈরী করতে হবে। উনার অভিজ্ঞতায় — ধাত্রিগ্রামে, উৎপাদক নিজে ঝুড়ি করে ফেরী করে, নিজের গ্রামে মাশরুম বিক্রি করেন।

মাশরুমের জন্য নির্দিষ্ট কোন বাজার না থাকলেও, সারা রাজ্যেই মাশরুমের বাজার আছে। নিয়মিত মাশরুম সরবরাহ করে, সেই বাজার ধরতে

হবে।

উনাদের প্রতিষ্ঠান উৎপাদককে মাশরুম বিপণন করতে সাহায্য করেন, এবং এটাও মনে করেন যে উৎপাদক যদি কম দামে বাজারে মাশরুম ছাড়েন, তাহলে সবারই সমস্যা দেখা দেবে।

উনি উল্লেখ করেন যে প্রতারক বিজ্ঞাপনদাতা, কাগজে বিজ্ঞাপন দিয়ে ৫০০-১০০০ টাকা কেজি দরে শুকনো মাশরুম কেনার প্রতিশ্রুতি দেন, তারাই বাজারে — ১০০ টাকায় প্রতি কেজি শুকনো মাশরুম বিক্রি করেন, এই সাধারণ চালাকি, উৎপাদককে বুঝতে হবে। যতই প্রচার হোক, শুকনো মাশরুম কোনভাবেই রপ্তানি হয় না। কিছু শুকনো মাশরুম বাইরের রাজ্যে ২০০ থেকে ২৫০ টাকা প্রতি কেজি দরে বিক্রি হয়ে থাকে।

উনাদের প্রতিষ্ঠান মাশরুম থেকে জ্যাম, জেলি, আচার ইত্যাদি তৈরী করেন, এবং এই সব উৎপাদনে বিশেষ স্বাদ ও গন্ধ যুক্ত হয়।

সাধারণ মানুষের কাছে মাশরুম আর ‘ব্যাঙের ছাতা’ পর্যায়ে নেই, লোকেদের খাওয়ানোর অভ্যাস তৈরী করতে পারলেই বাজার তৈরী হবে। তখন কিন্তু বাজার ফাঁকা পরে থাকবেনা। বিভিন্ন বহুজাতিক সংস্থা বাজার দখল করতে এগিয়ে আসবে এবং তখন টিকে থাকার লড়াই হবে তীব্র।

মাশরুম উৎপাদনে লোকসান হওয়ার কোন সম্ভাবনাই নেই, এই বলে উনি বক্তব্য শেষ করেন।

সুপ্রিয় চক্রবর্তী — ইয়ামী মাশরুম :— উনি মাশরুমকে একটি স্বাস্থ্যকর খাদ্য হিসাবে অবিহিত করেন। সুস্বাস্থ্যের জন্য মাশরুমের গুণাবলীর মধ্যে —এর প্রোটিন, মিনারেল ও ভিটামিন, একে এক অনন্য সুষম খাদ্য হিসাবে উপস্থাপিত করেছে। এবং এর প্রচার, স্বাস্থ্য সচেতন মানুষকে মাশরুম গ্রহণে উৎসাহিত করেবে। এছাড়া আমাদের দেশের জনসংখ্যার বৃহত্তর অংশ নিরামিষাশী, এবং বেশ কিছু লোক আংশিক নিরামিষভোজী — এরাই হতে পারে মাশরুমের বিশাল বাজার। মাশরুম বাজারজাত করতে বিপণন পরিচালনা সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা চাই।

উনি মাশরুম পরিবেশনের মোড়কের সৌন্দর্য দৃষ্টি নন্দন করার কথা বলেন। আরও বলেন যে মাশরুম বিপণনের সময় তার মূল্য ও প্রতি মোড়কের মাপ নির্দিষ্ট করতে হবে, এক্ষেত্রে গ্রাহকের চাহিদাই সর্বাধিক গুরুত্ব পাবে। বাজারে পাঠানো মাশরুমের মান সব সময় নিয়ন্ত্রণ করতে হবে।

উনি বলেন মাশরুমের প্রচার করতে যেমন বাড়ি বাড়ি যাওয়া প্রয়োজন, তেমনই প্রয়োজন পত্রপত্রিকায় প্রকাশ করা, এমনকি এক্ষেত্রে সরকারী প্রচার মাধ্যমকেও এগিয়ে আসতে হবে।

এই সব ছাড়াও রয়েছে বিভিন্ন প্রকারের ঔষধি মাশরুম। তার আছে এক বিশাল আন্তর্জাতিক বাজার। সব নিয়ে এগোলে, মাশরুম এক বিশাল শিল্প হতে পারবে।

বিমান গৃহ ঠাকুরতা — মিনুক এগ্নো :— উনি মাশরুম বিপণন বিশেষজ্ঞ। উনার কথা অনুযায়ী অল্প পরিশ্রমে, অল্প সময়ে বেশী মুনাফা করা যায় না। ব্যবসার পরিকল্পনা হতে হবে সুদূরপ্রসারী।

উনার ধারণা, আগামী দু'বছরের মধ্যে বাজারে মাশরুমের যা চাহিদা হবে সেই পরিমাণ মাশরুম সরবরাহ করার মতন উৎপাদনকারী নেই। এমন কি তথ্য অনুযায়ী রাজ্যের ২০ শতাংশ লোক মাশরুম গ্রহণ করতে চাইলে, তা সরবরাহ করার লোক নেই।

উনি বলেন — মাশরুম বিপণন করার সময়, তার মান খুবই গুরুত্বপূর্ণ। উচ্চমানের মাশরুম উৎপাদন করতে চাইলে, যত্ন নিতে হবে। নিম্ন মানের মাশরুম কোনমতেই বিক্রি করা উচিত নয়।

মাশরুম বিপণনে সবার সহযোগীতায় এক সঙ্গে এগোলে কাজ অনেক সহজ হবে। মাশরুম রপ্তানি করতে চাইলে, অতি অবশ্যই মাশরুমের মান খুবই উন্নত হতে হবে।

তাজা মাশরুম বিপণনের জন্য প্রতিনিয়ত নতুন নতুন বাজার তৈরী করতে হবে। হয়ত প্রথম অবস্থায় অসুবিধা হবে, কিন্তু ভবিষ্যৎ এর প্রতিদান পাওয়া যাবে। প্রতিদিন, প্রতিটি বাজারের পরিসংখ্যান রাখতে হবে, এবং বিভিন্ন বাজারের তুল্য মূল্য বিচার করে ক্রটি শুধরে, সবসময় বিপণনের মান উন্নত করতে হবে।

আনিস ফতেমা — প্রাটিনা এগ্নো :— উনি প্রধানতঃ মাশরুম ও মাশরুম প্রক্রিয়াকরণ করা উৎপাদিত বিভিন্ন দ্রব্য বিপণন করেন। উনি মাশরুম উৎপাদনকারীদের উৎসাহে এই বিপণন শুরু করেন। উনার কথা অনুযায়ী মাশরুম প্রথমে উৎপাদনকারীর নিজের এলাকায় করা উচিত।

উনার অভিযোগ উৎপাদনকারী মাশরুম উৎপাদন অথবা শুকানো, কোনটিতেই যত্ন নেননা, তাই নিয়মিত ভাল মান ও পরিমানের মাশরুমের

ঘাটতি থেকেই যায়।

মাশরুম উৎপাদন অথবা মাশরুম শুকানো খুবই ধৈর্য্য নিয়ে করতে হবে, এবং নিজস্ব উৎপাদন বিপণনে স্বাবলম্বী হতে হবে।

মাশরুম বাজারজাত করার আগে বা শুকানোর আগে, তার মান অনুযায়ী বেছে নিতে হবে। শুকানোর সময় খেয়াল রাখতে হবে যাতে শুকানো মাশরুমে যাতে আদ্রতা না থাকে, তাহলেই শুকানো মাশরুমে ছত্রাক জন্মাবে এবং বাজার থেকে ফেরৎ আসবে, এতে ব্যবসা মার খাবে। বিক্রির সময় হয়ত বা কখনও বাজারে মূলধনের একাংশ বাকি থাকবে, তাতে হতাশ হলে চলবে না, এটাই ব্যবসার নিয়ম।

মাশরুমের বাজার হাতের কাছেই আছে চেষ্টা করতে হবে, এগিয়ে যেতে হবে।

তৃতীয় পর্ব:— দ্বিতীয় অধিবেশনের দ্বিতীয় ভাগে আলোচনার বিষয় ছিল “মাশরুম চাষি ও ব্যবসায়ীদের বিভিন্ন সমস্যা ও তার সমাধান কল্পে সংগঠনের গুরুত্ব”। এই অধিবেশনের সভাপতি ছিলে — ডঃ ঋতা গাঙ্গুলী। অন্যান্য বক্তারা হলেন — ডঃ দীপক কুমার নায়েক, ডঃ ইন্দ্রানী নস্কর, ডঃ সুজয় সাহা, ডঃ সুপ্রিয় ব্যানার্জী, ডঃ অমিত শ্যাম।

দীপক কুমার নায়েক — Asst. Mycologist, State Seed Research Institute :— এই পর্যায়ে প্রথম বক্তা হিসাবে উনি এই প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য ডঃ ঋতা গাঙ্গুলীকে ধন্যবাদ জানান। পশ্চিমবঙ্গে মাশরুম শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য — ডঃ ঋতা গাঙ্গুলী, ডঃ তুষার এন. মেহতা এবং উত্তরবঙ্গে দিব্যেন্দু কান্তি মজুমদারের একনিষ্ঠ কাজের প্রশংসা করেন।

মাশরুম শিল্পের স্বার্থে, বর্তমান সময়ের প্রয়োজন একটি তথ্য ভান্ডার গড়ে তোলা, যেখানে এই শিল্পের সাথে যুক্ত সকলে, তাদের প্রয়োজনীয় তথ্য আদান প্রদান করতে পারবে। এই ক্ষেত্রে ডঃ ঋতা গাঙ্গুলী অনেকটাই কাজ এগিয়ে নিয়ে গেছেন এবং সংগঠনের অফিসে মাশরুম সংক্রান্ত অনেক তথ্য পাওয়া যায় — যেমন ভাল বীজ কোথায় কত পরিমাণে পাওয়া যায়, কোন বাজারে মাশরুমের কত চাহিদা, কারা উৎপাদন করছেন, কতটা তাজা মাশরুম পাওয়া যাবে। শুকানো মাশরুম কার কাছে কতটা আছে, কার কতটা চাহিদা আছে ইত্যাদি। এই প্রকারের তথ্য ব্যাপক পশ্চিমবঙ্গে আরও প্রয়োজন

আছে। সম্ভব হলে প্রতিটি জেলাতেই তা স্থাপন করতে হবে। এই প্রকারের কাজ, উত্তরবঙ্গে করছেন দিব্যেন্দু কাশ্তি মজুমদার।

মাশরুম শিল্পকে উন্নীত করতে হলে, একে সাধারণ মানুষের ব্যবহারের উপযুক্ত করে তুলতে হবে। গবেষকদের, গবেষণা কতে নতুন উন্নতমানের প্রজাতি এবং স্ট্রেন নিয়ে আসতে হবে, এর ফলে উৎপাদন বৃদ্ধি পাবে এবং কম দামে তা বিপণন করা যাবে। প্রত্যেক বাজারে শাক-সজির মতন প্রাপ্যতা থাকলে, মাশরুম বিপণন সহজ হবে।

উনি বোতাম মাশরুমের বিকল্প হিসাবে দুধ মাশরুম *Calocybe indica* উৎপাদন ও গ্রহণ করতে বলেন। উনি কলকাতা বিশ্ববিদ্যালয়ে, ডক্টর রবীন পুরকাস্তুর তত্ত্বাবধানে গবেষণা করার সময়, ১৯৭৫ সালে এই মাশরুমটি গাছের গোড়া থেকে সংগ্রহ করেন, তারপর এটি সনাক্ত করা হয়, এবং নামকরণ করা হয়। পর্যায়ক্রমে এর খাদ্যযোগিতা বিশ্লেষণ, উপাদান বিশ্লেষণ, এর কালচার তৈরী এবং পরবর্তীকালে কৃত্রিম উৎপাদনের মাধ্যম নির্বাচন করা হয়। এরপর সারা পৃথিবীতে এই মাশরুমটি উনি প্রথম কৃত্রিম উপায়ে উৎপাদন করেন। উৎপাদনের প্রথম দিন এটি উনার গবেষণাগারে রান্না করে অনুষ্ঠান পালন করা হয়।

উনি বলেন, সব মাশরুমেরই নিজস্ব সুগন্ধ আছে। দুধ মাশরুমের নিজস্ব আশ্বাদ আছে। এই মাশরুমের নিজস্ব স্বাদ আছে, গন্ধ আছে, এবং এই মাশরুম গ্রহণে আনন্দও আছে।

দুধ মাশরুম তাজা অবস্থায় অনেক দিন রাখা যায় যা বিপণন সহায়ক।

উনি মাশরুম এর ওষধি মূল্য সম্পর্কে জানাতে গিয়ে “আজকের মাশরুম” পত্রিকায় প্রকাশিত “ডাক্তারদের জন্য তথ্য” কলামটির উল্লেখ করেন। উনি বলেন সাধারণভাবে মানুষের দেহে মাশরুম গ্রহণে কোন বিরূপ প্রতিক্রিয়া হয় না, কিন্তু কিছু কিছু ব্যক্তির ক্ষেত্রে মাশরুমের রেণু থেকে বিরূপ প্রতিক্রিয়া দেখা যেতে পারে।

জাপানে ক্যানসার রোগীদের ‘শিতাকে’ মাশরুম খাওয়ানো হয়। এতে ক্যানসারের প্রকোপ কমে যায়। এছাড়া ক্যানসার রোগীদের যে কেমোথেরাপি বা রেডিওথেরাপি চিকিৎসা করা হয়, তার পার্শ্বপ্রতিক্রিয়া শরীরের পক্ষে ক্ষতিকর। এই বিষক্রিয়া মাশরুম গ্রহণে কম হয়ে থাকে। গ্লাইসিন

নামক এম্বাইনো এসিড *Calocybe* বা দুধ মাশরুমে প্রচুর পরিমাণে থাকে।

মাশরুমে রক্ত তৈরীর জন্য প্রয়োজনীয় এম্বাইনো এসিড থাকে।
এছাড়া ডায়াবেটিস রোগীদের জন্য — কম ক্যালরীর খাদ্য মাশরুম, যাতে
আছে প্রোটিন, ভিটামিন, এবং প্রয়োজনীয় এম্বাইনো এসিড।

ডঃ ইন্দ্রানি বসু — Asst. Plant Pathologist, State Seed Research Institute :— উনি এই প্রতিষ্ঠানের ইতিহাস বলতে
গিয়ে বলেন, ডঃ ঋতা গাঙ্গুলী উনাদের প্রতিষ্ঠান থেকে বীজ উৎপাদনের
প্রশিক্ষণ নিয়ে, মাশরুম শিল্পে প্রবেশ করেন। তারপর বিভিন্ন সমস্যার সম্মুখীন
হয়ে এই প্রতিষ্ঠান গড়ে তোলেন। উনাদের অফিসে নিয়মিত প্রচুর মাশরুম
সংক্রান্ত তথ্যানুসন্ধানী লোক আসেন। ডঃ ঋতা গাঙ্গুলী তাদের সুপরামর্শ
দিয়ে সাহায্য করেন। উনি এখনও এই প্রতিষ্ঠান ধরে রেখেছেন, তবে কর্মকান্ড
বৃদ্ধি করতে, এর প্রসার বাড়াতে সকলের সহযোগীতার প্রয়োজন।

এখনও মাশরুম শিল্পে ভাল উৎপাদকের অভাব আছে। এছাড়া
এই শিল্পে যারা প্রবেশ করে, তারা অস্বাভাবিক লাভের আশা করেন যা সঠিক
নয়।

মাশরুমকে উনি গরীব দেশের জন্য, কম খরচে ভাল প্রোটিন খাদ্য
হিসাবে অবিহিত করেন।

ডঃ সূজয় সাহা — State seed research institute :— উনি বলেন দিল্লীতে মাশরুম সংক্রান্ত যে পরিকাঠামো আছে,
চেতনা আছে, আমাদের রাজ্যে সেই জ্ঞানের অভাব। মাশরুম যে একটি
অত্যন্ত উপযোগী খাদ্য, এর প্রচার করতে হবে। খাদ্য হিসাবে মাশরুম কতটা
প্রয়োজন, কিভাবে প্রয়োজন — জানতে হবে, জানাতে হবে। মাশরুম নিয়ে
এখনও ব্যাপক প্রচার প্রয়োজন। মাশরুম নিয়ে মানুষের মধ্যে যে ভ্রান্ত ধারণা
আছে, সামাজিক প্রাতিবন্ধকতা আছে, তা দূর করতে হবে, এবং এভাবেই
মাশরুমকে প্রাতিদিন ব্যবহারের উপযোগী করে তুলতে হবে।

সুপ্রিয় ব্যক্তিত্ব :— উনি, উনার অভিজ্ঞতায় বলেন, যে
প্রায় কেউই তাজা মাশরুম বিক্রির চেষ্টা করেনা। সব উৎপাদকই, তাজা মাশরুম
বিক্রির চেষ্টা না করে, মাশরুম শুকিয়ে, অন্য কাউকে বিক্রি করে দিতে চান।
উনি নিজের চেষ্টায় গ্রামে একদিনে ৯০ কোর্জি পর্যন্ত মাশরুম বিক্রি করতে
সফল হয়েছেন। উনি শুকনো মাশরুম বিক্রির চেষ্টা করেও সফল হন নি।

এখন উনি আরও বড় বাজার তৈরীর চেষ্টায় আছেন, যেখানে সবাই মাশরুম বিক্রি করে লাভ করতে পারবে।

উনি উনার এই প্রচেষ্টায় ডঃ স্বতা গাঙ্গুলীর সাহায্যের কথা উল্লেখ করেন, এবং এই সেমিনার সফল করে তুলতে অ্যাসোসিয়েশনের যুগ্ম সম্পাদক ডঃ স্বতা গাঙ্গুলী ও আনিস ফতেমার অক্লান্ত পরিশ্রমের উল্লেখ করেন।

অমিত শ্যাম :— উনি অ্যাসোসিয়েশন -এর সহায়তায়, বর্তমানে সফলভাবে মাশরুমের বীজ ও মাশরুম উৎপাদন করছেন। উনি বলেন মাশরুম শিল্পে সংশ্লিষ্ট যারা এখনও সমস্যায় আছেন, তারা এই প্রতিষ্ঠানে যোগাযোগ করলে সমাধান পাবেন, এবং সঠিক ভাবে ব্যবসা করতে পারবেন।

ডঃ স্বতা গাঙ্গুলী :— উনি এই অধিবেশনের সভাপতি এবং সেমিনারের শেষ বক্তা ছিলেন। উনার বক্তব্যে উনি এই সেমিনারের মূল অনুপ্রেরণা ও উৎসাহের জন্য দিব্যেন্দু কান্তি মজুমদারের উল্লেখ করেন।

উনি বলেন যে অনেক ব্যক্তি, শ্রান্ত ধারণা নিয়ে, মাশরুম শিল্পে সংশ্লিষ্ট হয়ে, প্রায় সর্বস্বান্ত হচ্ছেন, তাদের কথা মাথায় রেখেই অ্যাসোসিয়েশনের যাবতীয় কর্মসূচি এবং সেমিনার।

এখন মাশরুম নিয়ে এ রাজ্যে একটা ভুল পরিবেশ তৈরী করা হয়েছে। বাইরে থেকে আসা কিছু সংস্থা এবং এই রাজ্যের ও কিছু সংস্থা, মাশরুম শিল্পকে এক অকাশকুসুম কল্পনায় নিয়ে গেছে। সেই ভুল তথ্য ভাঙতে হবে, সাধারণ মানুষ ও মাশরুম শিল্পে আগ্রহি ব্যক্তিদের সঠিক দিশা দেখাতে হবে।

উনি বলেন মাশরুম সংশ্লিষ্ট ব্যক্তিদের মধ্যে, স্পন সম্পর্কে সূষ্ঠ ধারণার অভাব আছে। এমনকি সরকারী আধিকারিকেরা সে বিষয়ে সাহায্য করতে পারেন না। এক্ষেত্রে সরকারী দিশার অভাব উপলব্ধি করা যায়। এই সেমিনারের মাধ্যমে সরকারী আধিকারিকদের আমন্ত্রণ জানানো হয়েছে, এবং তাদের কাছে তথ্য জানানোর অনুরোধ করা হচ্ছে।

এই সেমিনারের বিভিন্ন অধিবেশনে মাশরুমের বিভিন্ন আঙ্গিক নিয়ে আলোচনা হয়েছে। আলোচনা হয়েছে — বীজ বা স্পন সম্পর্কে, উৎপাদন প্রযুক্তি সম্পর্কে এবং বিপণন সম্পর্কে। এর ফলশ্রুতিতে তথ্য পরিষ্কার হয়েছে এবং সবার দ্বিধাদ্বন্দ্ব কেটে গেছে।

উনি এই প্রতিষ্ঠান তৈরীর নেপথ্যে দীপক নায়েকের প্রেরণার

কথা উল্লেখ করেন। উনিই সর্বপ্রথম তথ্য আদান প্রদান করার জন্য, মাশরুম শিল্পে সংশ্লিষ্ট সকলের সঙ্গে যোগাযোগ রাখা, সহায়তা করা এবং এই শিল্পে যুক্ত একে অপরকে চেনা জ্ঞানার জন্য প্রতিষ্ঠান গড়ে তোলার প্রস্তাব দেন। আজ সেই উদ্দেশ্য সফল হয়েছে। ভবিষ্যৎ -এ আবারো এভাবে এক সঙ্গে হওয়ার আশা নিয়ে উনি অধিবেশনের সমাপ্তি ঘোষণা করেন।

প্রয়োক্তোর পর্ব দিয়ে অনুষ্ঠান শেষ হয়।

খাদের ভালবাসা ও সহযোগীতায় অনুষ্ঠান সফল হয়েছে —

বিশেষ অনুপ্রেরণা ও সহযোগীতা :—

তম্ময় গাঙ্গুলী, আবুল হাসান নস্কর।

সাহায্য পেয়েছি — ডঃ শবনম জাহির, ডঃ শ্যামল বর।

অতিথি অভ্যর্থনা — সুমিত মিত্র।

সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা — বিমান গুহ ঠাকুরতা

মঞ্চ সজ্জা — পার্কিজা হাসান (জুই), শংকর সর্দার, মনোজ

পাত্র, আরিফ আহমেদ (এখানে উল্লেখ্য — মঞ্চ সজ্জায় অভিনব ভাবে শুকনো মাশরুম ব্যবহৃত হয়েছিল)।

UNITED MUSHROOM FARM AND BEE KEEPING CENTRE

REGD. NO. - 44

PURBALATAGURI FOREST
PROTECTION COMMITTEE
(F.P.C.)

P.O. - LATAGURI
DIST. - JALPAIGURI



Mushroom Cultivation, Bee Keeping
AND Saipata Plate Training done here
Available :- Fresh Dry & Dust Mushroom
Pure Honey

Prop. : - R.K. Hazra

Dial - (03561) 266237

MUSHROOM TODAY :

April - June 2005

34


Photographs of the Seminar



Reception



Reception



Inauguration - Md. Salim



Lecture - Md. Salim



Lecture - Dr. Ananda Kumar Mandal



Audience



Lecture - Tushar N. Mehta



Drama



Lecture - Dibyendu Kanti Mazumdar



Lecture - Anis Fatema



Lecture - Dr. Dipak Kumar Nayak



Lecture - Dr. Rita Ganguly

Technical aspects of *Ganoderma lucidum*

Scientific name *Ganoderma lucidum*

Japanese name Man nen take 万年茸

Man : 10,000 nen : year Take : mushroom

This means the human being can live up to 10,000 years by taking this mushroom or the mushroom itself is durable during 10,000 years because of its solid structures.

Chinese name Ling Zhi 靈芝

Ling : Spiritual Zhi : mushroom

This means Ling Zhi affect the mental condition, sometimes works as tranquilizer with deep sleeping caused by Ling Zhi intake.

Belongs to Polyporaceae family

Poly : Many Poraceae : porous family

This means the under portion of mushroom cup has a numerous pores.

Reishi is a Japanese pronunciation of the Chinese character, 靈芝

Reishi is known as "**Stump & root decaying fungi**" in the sub section of Polyporaceae.

In case of artificial cultivation of Reishi, the wood log, full of mycelia run, are laid into the soil, the soil preparation with minerals and compost is the most important factors for getting the highest quality of Reishi.

We can say Reishi can absorb the spirit of the earth.

In Japan there was a legend written 700 years back, which say "**Some one who is dutiful to his parents picked up Man nen take and served it to his father who was ill in bed for recovery**".

Man nen take was so highly evaluated that only high class persons and aristocrats can take it for

serious diseases.

In China There have been so many legends written in the past, from 2,000 years to 100 years ago. Many of them mentioned that Ling Zhi is good for incurable diseases or immortality.

Reishi is not eatable like as button or oyster mushroom dishes but can be served as "**Reishi tea**" after decocting. The texture of Reishi is hard like wood, and known as "**woody mushroom**". It is too hard to slice down even with butcher's knife.

Reishi has a bitter taste differentiating it from other mushrooms.

Reishi is a marvellously medicinal mushroom the medicinal effects of Reishi mainly come from the following ingredients,

a. A kind of polysaccharides, β -1-3 glucan. This is also contained in other mushrooms such as Shiitake (*Lentinus edodes*), Maitake (*Grifola frondosa*), etc.

b. A kind of fatty acid, Triterpene. Found only in Reishi among mushrooms. Many Chinese herbs which has bitter taste contains this Triterpene.

This Triterpene is biosynthesized in the process of mycelia growing, ie, incubation and growing stage.

The degree of biosynthesis for Triterpene depends upon;

- * Strain of Reishi
- * A kind/quantity of carbohydrate in the culturing media.
- * A kind/quantity of phenol compound in the wood log. Phenol, a chemical substance, is a kind of anti-bacteria substance. Soap, used in hospital as disinfectant is a typical phenol compound.
- * A kind/quantity of minerals.
- * Environmental conditions in the process of incubation & growing stage, such as temperature, supply of water, oxygen and sun ray, etc.

There is some nutritious value in any kind of edible mushroom depending on the kind and quality. Generally speaking, the medicinal compounds are found in some kinds of "**wood mushrooms**" which inhabit trees or grow on dead wood. The major

components of wood are cellulose (a carbohydrates polymer) and lignin.(a phenol-containing polymer).

The lignin is a substance to make tree or plant in solid, so that even a straw can stand up with lignin even though straw contains about 1/3 of lignin compared with tree in weight basis. Lignin is also anti-bacterial substance because it is a phenol polymer, so that trees are not easily decomposed by bacteria but can be attacked by some types of fungus, one of which is wood mushroom mycelia.

Medicinal mushrooms such as Shiitake, Maitake & Reishi have a strong power to decompose lignin, compared with other wood mushrooms or so-called "**straw mushrooms**". So we can say that there is a strong correlation between the degree of lignin decomposing power and the presence of medicinal compounds.

Such decomposition of lignin in the mushroom (bio-decomposing process) is caused by several kinds of enzymes which require a lot of minerals, especially metal minerals such as iron, zinc, magnesium, copper and manganese.

It is said in Japan that medicinal mushrooms grown around volcanic areas are far better than those from other areas. Because the soils in volcanic areas contain a lot of metal minerals, the wood logs for medicinal mushrooms cultivation also contain an abundance of these minerals.

This fact is basic understanding for getting the high quality medicinal mushrooms.

Reishi cultivation in Japan.

Reishi has been cultivated wood logs (oak), rather than using artificial saw-dust growth media. The oak logs are laid into mineral rich soil.

Virgin land for Reishi cultivation is far better than the continuous use of the same land, in terms of harvested volume and quality.

The land of apple plantation where apple cultivation has been carried over for a period of more than 50 years is most suitable for Reishi cultivation.

Bordeaux mixture (an agrochemical used to

control tree disease, made from copper and calcium) is used in apple plantations. The application of this mixture over 50 years enriches copper and calcium levels to 10 times that of normal land. This enriched land is better for Reishi cultivation, than normal land. Even in such land, the Reishi crop becomes worse after 3 years of continuous Reishi cultivation.

This means, soil conditions for Reishi cultivation is very important.

In order to maintain a high quality of Reishi, it is better to move new land after two years.

There are two methods in Reishi cultivation; saw-dust & wood log cultivation as per the table below;

	Sawdust	Wood log
Main media	Sawdust	Wood log
Nutrition	Rice bran, wheat bran, or corn powder etc.	Nothing added
Cultivation Cycle	3 - 4 months	6 - 12 months
Media to be placed	On shelves inside growing house	In the soil
Harvested Reishi	Very soft cap	Very, very solid cap
Medicinal ingredient	Not so high	Very high

As you see from the above, the wood log method is very similar to the natural conditions under which wild Reishi grow. The sawdust method is artificial, and allows quick mass production without producing a high quality mushroom. As already mentioned mineral-rich soil is necessary for better Reishi cultivation. The soil should contain a plenty of minerals and compost, and continuous cultivation of the same land should be avoided, so that the highest quality & volume can be expected. Into such nutrient-rich soil, the mycelium from wood logs penetrates and can absorb plenty of minerals & nutrients.

So, it can be said that "Reishi Comes From Rich Soil".

মাশরুম রান্নাঘরে

রান্না - ৯৬

মাশরুম রোস্ট

উপকরণ :-

তাজা মাশরুম - ২৫০ গ্রাম,
হলুদ গুড়ো - ১ চামচ,
গোটা জিরে - ১ চামচ,
রসুন - ১/২,
আদা - ১ টুকরো,
লংকা - ৬ টা,
তৈতুল গোলা জল - অল্প
পেঁয়াজ, টমেটো - সাজানোর জন্য।

প্রণালী :-

মাশরুম তৈতুল জলে ১৫ মিনিট ভিজিয়ে রাখুন। সমস্ত মসলা
বেটে মাশরুমের সাথে মাখিয়ে ১৫ মিনিট রাখুন।

ফাইং প্যান এ তেল দিয়ে, অল্প আঁচে সেকেনি। টমেটো, পেঁয়াজ
রিং দিয়ে সাজিয়ে পরিবেশন করুন।

EAT MUSHROOM
STAY HEALTHY

৪৩

আজকের মাশরুম :

এপ্রিল - জুন ২০০৫

Receipe - 97

South Indian Mushroom Curry

Ingredients :-

Fresh Mushroom - 500 gms,
Coconut - 1/2 made to Paste,
Tamarind - little, mix in water,
Onion - 1,
Green Chilli - 4 nos.,
Coriander leaves - One bunch,
Mustard - 1 tsp., Turmeric powder - 1/2 tsp.
Cumin - 1 tsp.,
Salt - to taste

Method :-

Paste Coconut, onion, coriander leaves. Heat oil in a pan, add mustard, add paste, cook in small flame, add mushroom, add salt, chilli, and tamarind solution, cover and cook for 10 minutes. Serve with rice.

Receipe - 98

Spicy Masala Mushroom

Ingredients :-

Fresh Mushroom - 200 gms,
Fresh lime juice - 6 tsp.,
Ginger paste - 1 tsp.,
Garlic paste - 1 tsp.,
Red Chilli powder - 1 tsp.,
Honey - 2 tsp.,
Coriander leaves chopped - 2 tsp.,
Salt & Oil - as required

Method :-

Mix the ingredients in a bowl with the mushrooms. Marinate for 30 minutes. Heat pan, add oil, then the mixture. Add some oil from the top. Stir occassionally in a low flame, and cook for 15 to 20 minutes. Ready to serve.

শাক দিয়ে মাশরুম

উপকরণ :-

তাজা মাশরুম - ২৫০ গ্রাম,
পালং শাক - ২৫০ গ্রাম কুচোনো,
টমেটো - ১০০ গ্রাম কুচোনো,
কাঁচা লংকা - ৫টি কুচোনো,
রশুন - ২৫ গ্রাম কুচোনো,
পুদিনা পাতা - ৩ চামচ কুচোনো,
নারকেল কোরা - ৩ চামচ,
হলুদ গুড়ো - ১/২ চামচ,
সরষে - ১ চামচ,
তেল, লেবুর রস, লবন - প্রয়োজন মতন।

প্রণালী :-

মাশরুম টুকরো করে কেটে, কড়ায় তেল গরম করে, সোনালি করে ভেজে, এক পাশে সরিয়ে রাখুন।

তেল গরম করে, রশুন কুচি, লংকা কুচি, গোটা সরষে, নারকেল কোরা, হলুদ গুড়ো দিয়ে নাড়াচাড়া করুন। পালং শাক, পুদিনা পাতা, টমেটো কুচি, লবন দিয়ে, ঢাকা দিয়ে আঁচ কমিয়ে, কয়েক মিনিট রাখুন। মাশরুম দিন, ঢাকা দিন। মাখা মাখা হলে লেবুর রস দিয়ে পরিবেশন করুন।

Receipe - 100

Dry Masala Mushroom

Ingredients :-

Mushroom chopped - 250 grams,
Salt, Turmeric, Chilli dust - to taste,
Cardamom, Cinnomon, Clove dust - 1 tsp.

Method :-

Wash mushrooms and mix the above powder and keep in sun for 3 to 4 days.

Fry in oil, sprinkle masalla and serve as snacks.

পুদিনা মাশরুম

উপকরণ :-

তাজা মাশরুম - ২৫০ গ্রাম,
পেঁয়াজ - ২টি কুচোনো,
আদা বাটা - ১ চামচ,
লংকা কুচোনো - ১ চামচ,
লেবুর রস - ২ চামচ,
ধনে পাতা কুচো - ১ চামচ,
পুদিনা পাতা কুচো - ২ চামচ,
টমেটো - ৩ টি কুচোনো,
লবন, তেল - প্রয়োজন মতন,
পুদিনা পাতা, ধনে পাতা - ১ আঁটি করে।

প্রণালী :-

অল্প জলে ঢাকা দিয়ে মাশরুম ভাপিয়ে, জল শুকিয়ে রাখুন।
ফ্রাইং প্যানে তেল গরম করে কুচোনো পেঁয়াজ দিন, বাদামী করে
ভাজুন। মাশরুম দিন, হালকা আঁচে রাখুন, ধিরে ধিরে সব উপকরণ দিন ও
নাড়তে থাকুন। শেষে পুদিনা পাতা ও ধনে পাতা ছড়িয়ে ঢেকে রেখে পরিবেশন
করুন।

মাশরুম খান
সুস্থ থাকুন

Mushroom Fry

Ingredients :-

Mushroom - 250 gms.,
Gram Powder - 100 gms.,
Flour - 50 gms.,
Cornflour - 50 gms.,
Oil - to fry,
Green Chilli - 6 pc. chopped
Onion paste - 50 gms.,
Ginger paste - 1 tsp.,
Garlic paste - 1tsp.,
Salt - to taste, Egg - 1

Method :-

Mix onion, garlic, ginger paste, chopped chilli with chopped mushrooms and fry. Then mix with gram powder, flour, cornflour, egg, salt and make balls. Fry and serve with sauce.

☎ : (033)-24552013

Tushar N. Mehta

215, OLD CHINA BAZAR ST.
KOLKATA - 700001

*Communication Cum
Residence address
23/B, School Road
Kolkata - 7000025*

***Largest Spawn Maker
Contact for Genuine, High Yielding
Mushroom Spawn in bulk.***

মাশরুমের ঝোল

উপকরণ :-


তাজা মাশরুম - ৫০০ গ্রাম,
পেঁয়াজ - ২০০ গ্রাম,
রশুন - ৬ কোয়া,
আদা - ৬",
টক দই - ১০০ গ্রাম,
কাঁচা লংকা - ৬টি,
সরষের তেল - ১৫০ গ্রাম,
গরম মসলা গুড়ো - ১ চামচ,
জিরে - ১ চামচ,
ধনে - ১ চামচ,
চিনি - ১ চামচ,
হলুদ গুড়ো - ১ চামচ,
লবন, তেজপাতা

প্রণালী :-

পেঁয়াজ কুচিয়ে নিন। রশুন, আদা বেটে নিন, ধনে জিরে শুকনো কড়াইতে ভেজে গুঁড়িয়ে রাখুন। কাঁচা লংকা বেটে নিন। কড়াইতে তেল দিয়ে তেজপাতা ফোড়ন দিন। পেঁয়াজ কুচি ভাজুন। রশুন, আদা বাটা কষান। চিনি, নুন, হলুদ গুড়ো দিয়ে মাশরুম দিন। টক দই ভাল করে ফেটিয়ে, প্রয়োজন মতন জল দিয়ে মাশরুম সেদ্ধ করুন, কাঁচালংকা বাটা দিন। নামানোর আগে ধনে, জিরে এবং গরম মশালার গুড়ো দিন।

**For CD/Internet edition of the
Newsletter mail to
dkmushroom@rediffmail.com**

Mushroom Stamps



Pholiota mutabilis



Pleurotus ostreatus



Clitopilus prunulus




Volvariella bombycina

মাশকুমের জগৎ

Peziza vesiculosa

বর্ণনাঃ- ফলদেহ ৩-৮ সেমি বর্গ কখনও সাদা, হলদে অথবা খয়েরী। কাপের মতন আকৃতি, পরিণত হলে কিনারা ফেটে যায়। রসাল। স্বাদ ও গন্ধহীন। স্পোর সাদা ২০-২৫ X ১২-১৪ মাইক্রন।

মাঠে বিশেষ করে তৃণভোজি প্রাণীর মলের উপর জন্মায়। বসন্ত কালে ফলদেহ দেখা যায়।




Calvatia gigantea

সাধারণ নাম — জায়ান্ট পাফবল

বর্ণনা :- বর্ণ সাদা, গোলাকার, ১০-৬৫ সেমি ব্যাস যুক্ত, রেণু হলদে বর্ণের, ৩-৫ মাইক্রন।

অপরিণত অবস্থায় সুস্বাদু। বর্ষার শেষে ফলদেহ মাঠে ও বাগানে দেখা যায়। কখনও এর আকার বিশাল হয় ওজন ২৫-৩০ কেজি পর্যন্ত হতে পারে।

সাবধান :- কখনও এই মাশরুম হজমে বিঘ্ন ঘটাতে পারে।



মাশরুম সংক্রান্ত বই ও পত্রিকা

(২) মাশরুম বিচিত্রা - জুন - ২০০৫

সম্পাদিকা — ডঃ স্বতা গাঙ্গুলী ও গ্নীমতী আনিস ফাতেমা

প্রকাশক — ওয়েস্ট বেঙ্গল এডিবল্ মাশরুম
কাল্টিভেটরস্ এ্যান্ড মাশরুম স্পন মেকার্স এ্যাসোসিয়েশন
২৫/৩, এস.এন.চ্যাটার্জি রোড, কোলকাতা - ৩৮

মূল্য - ১০ টাকা

পত্রিকাটিতে বিশিষ্ট মাশরুম গবেষকদের বেশ কিছু প্রাসঙ্গিক লেখা
সংকলিত হয়েছে। প্রায় প্রত্যেকটি লেখাই সময়োপযোগী।

বিশেষ উল্লেখ্য, ওষধি মাশরুম সংক্রান্ত কিছু লেখা।

পত্রিকাটিতে মাশরুম খামারের কিছু চিত্র সংযোজন করতে পারলে,
আরও আকর্ষণীয় হবে। সম্পাদিকা, ভেবে দেখতে পারেন।



(১) মাশরুম চাষ

লেখক — বলাই লাল জানা ও প্রফুল্ল কুমার দাস

প্রকাশক — পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ

আর্য ম্যানসন (নবম তল), ৬ এ রাজা সুবোধ

মল্লিক স্কোয়ার, কোলকাতা - ১৩

মূল্য - ৪০.০০ টাকা

লেখক মুখবন্ধে মাশরুমকে — ‘ব্যাঙের ছাতা’ বলে পরিচয় না করালে এই শিল্পের উপকার হত। এই ভ্রান্ত ধারণা এখনও আমাদের মাশরুম বিপণনের প্রধান প্রতিবন্ধকতা। বইটির মান অতি সাধারণ।

সপ্তম অধ্যায়ে আর্থিক বিশ্লেষণ আরও বাস্তব সম্মত করা প্রয়োজন ছিল।

নবম অধ্যায়ে — বিশ্বে মাশরুমের ব্যবহার এর সারণী / শিল্পবৃদ্ধি তে ২০০২ সালে প্রকাশিত বইতে ১৯৮০/১৯৯০ সালের তথ্য কি প্রাসঙ্গিক? আরও সমসাময়িক তথ্য প্রয়োজন ছিল।

বইটিতে মাশরুম শিল্পে সংশ্লিষ্ট ব্যক্তিদের সুবিধার জন্য, কিছু যোগাযোগের ঠিকানা দেওয়া প্রয়োজন ছিল।

বইটিতে এবং প্রচ্ছদে ব্যবহৃত চিত্রের পরিচিতি এবং আলোক চিত্রকর — দিব্যেন্দু কান্তি মজুমদারের উল্লেখ কি প্রয়োজন ছিল না?



J.B. Agro tech



Department of Mushroom
Spawn Production
& Processing Unit

- ★ প্রশিক্ষন, উৎপাদন, প্রক্রিয়াকরণ
- ★ সব সময়ে মাশরুমের বীজ পাওয়া যায়
- ★ সব রকমের মাশরুম বাড়িতে পৌছানোর ব্যবস্থা আছে।
- ★ সব সময়ে মাশরুম পাবেন।
- ★ মাশরুম ক্রয় বিক্রয় করা হয়।

Arup Dutta

Mobile - 9832092225

যোগাযোগ করুন :-

ফার্ম :- Vill. - Goursing Jote

P.O. - Dulal Jote

P.S. - Khoribari

Dist. - Darjeeling - 734429

Branch :- Ph. - 033-25351725

16 Surya Sen Pally (Chalkkanthalia)

P.O. - Sewli (Telenipara),

Dist. - 24 Pags (N) 700121


Publications of "The Mushrooms"



Newsletter
No. : 1-17
Feb. 03-June 04



Booklet - 1
July Sept. 04



Booklet - 2
Oct. - Dec. 04




Booklet - 3
Jan. - March 05




Booklet
April - June 05




Receipe
মাশরুম রান্নাঘরে



Information for
Doctors



বিনুক মাশরুম
উৎপাদন প্রযুক্তি



মাশরুম বীজ
উৎপাদন পদ্ধতি

—:: আজকের মাসিক ::—

বছরে ৪টি সংখ্যা প্রকাশিত হয়

১ বছরের গ্রাহক মূল্য : ১০০ টাকা

গ্রাহক হবার ফর্ম

মানি অর্ডার/ড্রাফট নম্বর তারিখ ব্যাংক
..... শাখা টাকা পাঠানাম।

স্বাক্ষর তারিখ

Name :

* Address :

Phone No. :

* (যে ঠিকানায় পত্রিকা পাঠানো হবে)

মানি অর্ডার/ড্রাফট 'DIBYENDU KANTI MAZUMDAR'

এর নামে "Payable at Jalpaiguri Branch" লিখবেন।

পাঠাবেন এই ঠিকানায় :-

DIBYENDU KANTI MAZUMDAR (Mushroom Scientist)
West Kerani Para, P.O. & Dist. : Jalpaiguri 735101 W.B.

MUSHROOM TODAY

4 issues published every year
1 year subscription amount Rs. 100.00

SUBSCRIPTION FORM

I am sending Rs. by M.O./Demand Draft

No. Date Bank

Branch

Signature Date

Name in Capital

* Address

Phone No. :

* (Address at which the magazine be send)

Money order/Draft payable to 'DIBYENDU KANTI MAZUMDAR'
Payable at Jalpaiguri Branch."

Send in this address :

DIBYENDU KANTI MAZUMDAR (Mushroom Scientist)
West Kerani Para, P.O. & Dist. : Jalpaiguri 735101 W.B.

PARUL MUSHROOM

All time Fresh Mushroom available whole year



সারা বছর পাবেন তাজা মাশরুম

মাশরুম উৎপাদনের প্রশিক্ষণ, বিক্রয়,
মাশরুমের বীজ সবসময় পাওয়া যায়

*Also available dry Mushrooms, Mushroom
Chow, Mushroom Pickles, Mushroom Papad.*

MANTU BISWAS

**Raichenga (Near Old Sign Board)
Falakata, Jalpaiguri**
Ph : 9434032630 (M)

Vol. - 3; No. - 4-6

Rs. 25.00

MUSHROOM TODAY

আজকের মাশরুম

A Monthly Newsletter on Mushrooms

Contact :

D.K. MAZUMDAR

(Mushroom Scientist)

West Kerani Para
P.O. & Dist. - Jalpaiguri
West Bengal
India - 735101
Ph. - 913561-257749
Mob. - 09832063963

Published by D. K. Mazumdar on behalf of "The Mushrooms"
West Kerani Para, Shurid Lane Extn., Jalpaiguri - 735101, Phone : 257749
Editor - Dibyendu Kanti Mazumdar (Mushroom Scientist)

Computer Designed by :-

Sigma Information Technology

Somrat Complex, D.B.C. Road, Jalpaiguri

Phone : (03561) 221785, Mob. : 9434151820

Offset Printed by :-

Olive Offset, Bhatia Building, Jalpaiguri

Phone : (03561) 230712